সমঝোতা স্মারক

(Memorandum of Understanding)

কর্মসংস্থান ব্যাংক

এবং

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

তারিখ-

স্থান:

কর্মসংস্থান ব্যাংক এবং বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর মধ্যে সমঝোতা স্মারক

কর্মসংস্থান ব্যাংক, বর্তমান ঠিকানা : প্রধান কার্যালয়, ১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

পক্ষে জনাব মোঃ তাজুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক------ **প্রথম পক্ষ**।

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), বর্তমান ঠিকানা : ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। পক্ষে জনাব আনোয়ার হোসেন চৌধুরী, মহাপরিচালক------ **দ্বিতীয় পক্ষ**।

এ সমঝোতা স্মারক **'বঙ্গবন্ধু যুব ঋণ'** সমঝোতা স্মারক নামে অভিহিত হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন কর্মসংস্থান ব্যাংক কর্তৃক **'বঙ্গবন্ধু যুব ঋণ'** কর্মসূচীর আওতায় প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় যুব নীতি ২০১৭ এর অনুচ্ছেদ নং-৫ এর আলোকে ১৮ থেকে ৩৫ বছর বয়সে বাংলাদেশের যে কোনো নাগরিক যুব বলে গণ্য হবে। দেশের মোট জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ যুবশক্তিকে কাজে লাগিয়ে বেকারত্ব হ্রাস এবং দায়িত্ববান আত্মনির্ভরশীল দক্ষ প্রজন্ম দ্বারা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে কর্মোদ্যোগ (Start-up) হিসেবে স্বল্প সুদে যুবদের এ ঋণ প্রদান করা হবে। মুজিববর্ষে এ ঋণ কর্মসূচীর আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত মোট ২ লক্ষ (২০২০ সালে ১ লক্ষ এবং ২০২১ সালে ১ লক্ষ) বেকার যুবদের স্বল্প সুদে ও সহজ শর্তে জামানতবিহীন ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

২.০ উদ্দেশ্য:

২.১ যুবদের মুক্তিযুদ্ধ ও দেশ প্রেমের চেতনায় উদ্বুদ্ধ, ন্যায়নিষ্ঠ, আধুনিক জীবনবোধসম্পন্ন ও আত্মমর্যাদাশীল মানুষ হিসেবে গড়ে তোলা ;

২.২ যুবদের উন্নত মনন, মানবিকতা ও চিত্তের লালন এবং একবিংশ শতাব্দীর উপযোগী করে তাদের অন্তর্নিহিত সম্ভাবনা বিকাশের অনুকূল পরিবেশ সৃষ্টি করা;

২.৩ মাদক, সন্ত্রাস ও দুর্নীতি দুষ্টুচক্র হতে যুবদের রক্ষা করে উৎপাদনমুখী অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা ;

২.৪ শ্রম বাজারে চাহিদার নিরিখে কর্মসংস্থানবান্ধব ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা,

২.৫ উদ্ভাবনী ধারণা সৃজনে উদ্বুদ্ধ করা এবং তা বাস্তবায়নে সহযোগিতা করা;

২.৬ উদ্যোক্তা হতে আগ্রহী যুবদের স্বল্প সুদে ঋণ প্রদানসহ সার্বিক সহায়তা প্রদান করা;

২.৭ কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে শিল্প প্রতিষ্ঠান এবং শিল্প কারখানার জন্য দক্ষ জনবল তৈরি;

২.৮ সেমিনার, দলবদ্ধ আলোচনা, প্রকাশনা, প্রদর্শনী, শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনী ও অনুরূপ কার্যক্রমের মাধ্যমে সরকারি ও বেসরকারি সকল উদ্যোক্তাদের মধ্যে বিশেষ করে নারী উদ্যোক্তাদের মধ্যে শিল্প প্রতিষ্ঠান সংশ্লিষ্ট জ্ঞানের প্রসার ঘটানো;

২.৯ উল্লিখিত উদ্দেশ্য বাস্তবায়নের মাধ্যমে এসডিজি-এর লক্ষ্যমাত্রাসমূহ (বিশেষ করে ১, ২ এবং ৮.৬) অর্জনে সহায়তা করা।

৩.০ বাস্তবায়ন পদ্ধতি

৩.১ বিটাক:

৩.১.১ বিটাক হতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিভাবান, আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণে আগ্রহী, নিজস্ব সম্পদ বিনিয়োগে সমর্থ ও নৈতিকতাসম্পন্ন যুবদের বাছাই করে তালিকা প্রণয়ন করা;

৩.১.২ প্রতি মাসের প্রথম সপ্তাহে জেলা এবং উপজেলা ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্তদের ডাটাবেইজ/তালিকা কর্মসংস্থান ব্যাংকের নিকট সরবরাহকরণ;

৩.১.৩ প্রশিক্ষণ মডিউলে 'বিজনেস প্লান' তৈরির বিষয় অন্তর্ভূক্তকরণ;

৩.১.৪ কর্মসংস্থান ব্যাংকের শাখা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক **'বঙ্গবন্ধু যুব ঋণ'** বিষয়ে প্রশিক্ষণার্থীদের ধারণা প্রদান;

৩.২ কর্মসংস্থান ব্যাংক:

৩.২.১ 'বঙ্গবন্ধু যুব ঋণ' নীতিমালার আওতায় বিটাক কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্তদের তালিকা অনুযায়ী প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই-বাছাই সাপেক্ষে যোগ্য উদ্যোক্তাদের অগ্রাধিকার ভিত্তিতে নিম্নোক্ত শর্তে ঋণ প্রদান করবে:

৩.২.১.১ ঋণের পরিমাণ ন্যূনতম ২০ (বিশ) হাজার থেকে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত;

৩.২.১.২ পরিশোধের সময়সীমা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর;

৩.২.১.৩ প্রকল্পের ধরণ অনুযায়ী কিস্তি মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক/এককালীন হবে ;

৩.২.১.৪ সুদের হার ৯% সরল সুদ (পরিবর্তনযোগ্য)।

৩.২.২ প্রতি তিন মাসে ন্যূনতম একবার বিটাক এর সাথে সমন্বয় সভা করে প্রকল্পের অগ্রগতি, ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ।

৩.২.৩ কর্মসংস্থান ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ গ্রহীতাদের বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে মহাপরিচালক বিটাককে সরবরাহকরণ;

৪.০ মনিটিরিং পদ্ধতি:

৪.১. বিটাক:

৪.১.১ বিটাক এর..... মহাপরিচালকের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;

৪.১.২ ত্রৈমাসিকভিত্তিতে ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং মহাপরিচালককে অবহিত করবেন এবং

৪.১.৩ প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত যাবতীয় তথ্য বিটাক কর্তৃক অটোমেশনের অন্তর্ভূক্ত করা হবে।

৪.২ কর্মসংস্থান ব্যাংক:

৪.২.১ কর্মসংস্থান ব্যাংকের মহাব্যবস্থাপক (পরিচালন মহাবিভাগ) ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;

৪.২.২ বিতরণকৃত ঋণের অর্থে বাস্তবায়িত প্রতিটি প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও নিয়মিত কিস্তি আদায় নিশ্চিতকরণ; এবং

৪.২.৩ ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত যাবতীয় তথ্য কর্মসংস্থান ব্যাংক কর্তৃক অটোমেশনের অন্তর্ভূক্ত করা হবে।

৫.০ তহবিল ব্যবস্থাপনা:

৫.১. প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবদের ঋণের চাহিদা পূরণকল্পে বিটাকের আওতাধীন বিভিন্ন তহবিল স্থায়ী আমানত (FDR) হিসেবে কর্মসংস্থান ব্যাংকে সংরক্ষণের বিষয়ে অগ্রাধিকার প্রদান;

৫.২ কর্মসংস্থান ব্যাংকের নিজস্ব তহবিল এবং অন্যান্য ব্যাংক ও প্রতিষ্ঠান হতে তহবিল সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৬.০ শ্রেণীকৃত ঋণ:

এ কর্মসূচী বাস্তবায়নকালীন শ্রেণীকৃত ঋণ আদায়ে কর্মসংস্থান ব্যাংক এবং বিটাক যৌথভাবে পদক্ষেপ গ্রহণ করবে। এছাড়াও ঋণ আদায়ের স্বার্থে রাষ্ট্রীয় আইনের আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৭.০ অবসায়ন:

সমঝোতা স্মারক বাস্তবায়নে কোনো ধরনের সমস্যা দেখা দিলে তা নিরসন এবং কোনো সুপারিশ থাকলে তা বাস্তবায়নে উভয়পক্ষের যে কোনো পক্ষ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ০৩ (তিন) মাসের পূর্ব নোটিশে এই চুক্তি বাতিল করতে পারবে।

৮.০ উপরে বর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে **কর্মসংস্থান ব্যাংক** এবং **বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)** এর নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয় এ স্মারকে অন্যান্য শর্তাবলি পরিপালন সাপেক্ষে একমত পোষণ করতঃ অদ্য ..... তারিখে এ সমঝোতা স্মারকে স্বাক্ষর করলেন।

(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়,
১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

(আনোয়ার হোসেন চৌধুরী)
মহাপরিচালক
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
১১৬ (খ),তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

প্রথম পক্ষ

সাক্ষী :

১। .....
.....

২। .....
.....

দ্বিতীয় পক্ষ

সাক্ষী :

১। .....
.....

২। .....
.....

কর্মসংস্থান ব্যাংক

ঋণ ও অগ্রিম বিভাগ

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে প্রণীত "বঙ্গবন্ধু যুব ঋণ" কর্মসূচী-এর আওতায় ৩০.০৯.২০২০ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের তথ্য।

[লক্ষ টাকায়]

ক্র. নং	বিভাগের নাম	লক্ষ্যমাত্রা (উদ্যোক্তার সংখ্যা) ২০২০ সাল	ঋণ বিতরন: অদ্য ৩০.০৯.২০২০ তারিখে প্রদত্ত: পুরুষ সংখ্যা	পুরুষ পরিমান	মহিলা সংখ্যা	মহিলা পরিমান	মোট	মোট পরিমান	যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত সংখ্যা	অন্যান্য প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত সংখ্যা	খাত ভিত্তিক সংখ্যা		চলতি মাস (সেপ্টেম্বর/২০২০): পুরুষ সংখ্যা	পুরুষ পরিমান	মহিলা সংখ্যা	মহিলা পরিমান	মোট সংখ্যা	মোট পরিমান	যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত সংখ্যা	অন্যান্য প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত সংখ্যা	খাত ভিত্তিক সংখ্যা		চলতি বছর (২০২০ সাল): পুরুষ সংখ্যা	পুরুষ পরিমান	মহিলা সংখ্যা	মহিলা পরিমান	মোট সংখ্যা	মোট পরিমান	যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত সংখ্যা	অন্যান্য প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত সংখ্যা	খাত ভিত্তিক সংখ্যা	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২		১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১		২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	
১	ঢাকা	৩০৪০০	৬৭	১৩৬.৬০	৪৭	৮২.৪৫	১১৪	২১৯.০৫	৪০	৭৪	গরু মোটা	১৫	১০৯২	১৭৩৭.৯০	৮২৯	১৩৫৪.১৫	১৯২১	৩০৯২.০৫	৬৬৪	১২৫৭			২৭০৩	৪০৫৬.৩০	১৮১৮	২৮১৯.৬৫	৪৫২১	৬৮৭৫.৯৫	২০৩৩	২৪৮৮		
											দুগ্ধ	১৬																				
											মৎস্য	৫																				
											কম্পি:	০																				
											পোল্ট্রি	৮																				
											অন্যান্য	৭০																				
২	চট্টগ্রাম	২১৬৫০	৩৮	৫৬.২৫	২৪	৩৪.৪০	৬২	৯০.৬৫	২০	৪২	গরু মোটা	১৬	৯১২	১৩৫৩.৬৫	৪৬৯	৭৩৬.৯৫	১৩৮১	২০৯০.৬০	৩৮৩	৯৯৮			২৩৯১	৩৩৪৪.৮৫	১১৪২	১৬২৪.৭০	৩৫৩৩	৪৯৬৯.৫৫	১৩৪৬	২১৮৭		
											দুগ্ধ	২১																				
											মৎস্য	৩																				
											কম্পি:	১																				
											সেলাই	৩																				
											নার্সারী	২																				
											পোল্ট্রি	৫																				
											অন্যান্য	১১																				
৩	রাজশাহী	২৫৫৫০	৩৪	১৪২.৪০	১২	৪৩.০০	৪৬	১৮৫.৪০	১৪	৩২	গরু মোটা	২৫	১৩৮৯	১৯২৩.২৫	৬৫৭	৯০০.০৫	২০৪৬	২৮২৩.৩০	৭৫৪	১২৯২			৩১৮৫	৪২৭৪.৩০	১৩০৭	১৭২১.৮৫	৪৪৯২	৫৯৯৬.১৫	২২০৫	২২৮৭		
											দুগ্ধ	১০																				
											মৎস্য	২																				
											কম্পি:	২																				
											সেলাই	২																				
											পোল্ট্রি	০																				
											অন্যান্য	৫																				
৪	খুলনা	২২৪০০	৩১	৬৬.৯০	২৪	৩৯.৮০	৫৫	১০৬.৭০	১৪	৪১	গরু মোটা	৪০	১০১৪	১৬৪১.৩০	৭১০	১১৬৯.৮৫	১৭২৪	২৮১১.১৫	৪১৯	১৩০৫			২৮৮৪	৪৪৮০.৫৫	১৬৩০	২৫৮২.৮০	৪৫১৪	৭০৬৩.৩৫	১৮২১	২৬৯৩		
											দুগ্ধ	১০																				
											মৎস্য	১																				
											কম্পি:	০																				
											অন্যান্য	৪																				
	সর্বমোট =	১০০০০০	১৭০	৪০২.১৫	১০৭	১৯৯.৬৫	২৭৭	৬০১.৮০	৮৮	১৮৯	গরু মোটা	৯৬	৪৪০৭	৬৬৫৬.১০	২৬৬৫	৪১৬১.০০	৭০৭২	১০৮১৭.১০	২২২০	৪৮৫২			১১১৬৩	১৬১৫৬.০০	৫৮৯৭	৮৭৪৯.০০	১৭০৬০	২৪৯০৫.০০	৭৪০৫	৯৬৫৫		
											দুগ্ধ	৫৭																				
											মৎস্য	১১																				
											কম্পি:	৩																				
											সেলাই	৫																				
											নার্সারী	২																				
											পোল্ট্রি	১৩																				
											অন্যান্য	৯০																				

৩০.০৯.২০

(মোঃ মশিউর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

(গৌতম সাহা)
মহাব্যবস্থাপক

নি. আধিক
৭.০১.২০২০

কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

ঋণ ও অগ্রিম বিভাগ

E-mail : lad@kb.gov.bd

অপারেশন পরিপত্র নম্বর-০১/২০২০

তারিখ : ০৬ জানুয়ারি ২০২০

বিষয় : বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা।

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে এ দেশের বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবদের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে সম্পৃক্ত করার লক্ষ্যে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণের নিমিত্ত "বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা" ২০.১১.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ২৮১তম সভায় নিম্নরূপভাবে অনুমোদন প্রদান এবং ৩০.১২.২০১৯ তারিখের ২৮২তম সভায় তা নিশ্চিত করা হয় :

০১. কর্মসূচীর নাম : বঙ্গবন্ধু যুব ঋণ।

০২. তহবিলের উৎস : নিজস্ব।

০৩. ঋণের উদ্দেশ্য
- (ক) প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবদের আত্মকর্মসংস্থান সৃষ্টি করা ;
- (খ) এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা ;
- (গ) উৎপাদনমুখী অর্থনৈতিক কর্মকান্ডকে উৎসাহিত করা ;
- (ঘ) উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সহযোগীতা করা ;
- (ঙ) জিডিপিতে যুবদের অবদান বৃদ্ধি ;
- (চ) দারিদ্র্য বিমোচনে সহায়তা করা ;
- (ছ) যোগ্য উদ্যোক্তা শ্রেণি গড়ে তোলা;
- (জ) নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া।

০৪. ঋণ প্রাপ্তির যোগ্যতা :
- (ক) বাংলাদেশের নাগরিক হতে হবে;
- (খ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দা না হলে শাখার অধিক্ষেত্রের একজন স্থায়ী বাসিন্দাকে ঋণের গ্যারান্টার হতে হবে;
- (গ) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম জে.এস.সি/সমমান হতে হবে ;
- (ঘ) আবেদনকারীকে প্রশিক্ষণ প্রাপ্ত বেকার/অর্ধবেকার হতে হবে ;
- (ঙ) বয়সঃ ১৮ থেকে ৩৪ বছর হতে হবে ;
- (চ) প্রকল্প/প্রতিষ্ঠান পরিচালনার যোগ্যতা থাকতে হবে ;
- (ছ) প্রকল্প/প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তর/সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ থাকতে হবে;
- (জ) কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ঋণখেলাপী ঋণ প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

০৫. ঋণের গ্যারান্টারের যোগ্যতা :
- (ক) প্রকল্প এলাকায় স্থায়ীভাবে বসবাস করেন এবং প্রকল্প এলাকায় যার বাড়ি-ঘর/জমি-জমা আছে ও ঋণ পরিশোধে সক্ষম আবেদনকারীর পিতা/মাতা/স্বামী/স্ত্রী/তৃতীয় কোনো ব্যক্তি গ্যারান্টার হতে পারবেন। এছাড়াও কোনো নির্দিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা ঐ জেলার আওতাধীন যে কোনো শাখার উদ্যোক্তার ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করতে পারবেন ;
- (খ) একজন গ্যারান্টার সর্বোচ্চ ০২ (দুই) জন নিয়মিত ঋণগ্রহীতার গ্যারান্টার হতে পারবেন ;
- (গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি নিজস্ব প্রতিষ্ঠানের নিয়ম অনুসরণ সাপেক্ষে গ্যারান্টার হতে পারবেন ;
- (ঘ) সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (SDF)-এর গ্রাম ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন/গ্রাম সমিতির পক্ষ থেকে রেজ্যুলেশনের মাধ্যমে ঋণের টাকা আদায়ে সহযোগিতা ও ঋণের গ্যারান্টি প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৬. ঋণের খাত : সরকার কর্তৃক নিষিদ্ধ নয় এমন যে কোনো খাত/প্রকল্প।

০৭. ঋণের আবেদন :
- (ক) ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে নিজস্ব ঋণ কর্মসূচীর ন্যায় চেক লিস্ট অনুযায়ী অন্যান্য তথ্য সন্নিবেশ করতে হবে ;
- (খ) প্রকল্প এলাকায় অবস্থিত শাখায় ঋণের আবেদন দাখিল করতে হবে।

০৮. ঋণসীমা : সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা।

০৯. ঋণের মেয়াদ : সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর।

১০. সুদের হার ও হিসাবায়ন পদ্ধতি :
- (ক) সুদের হার ৯%, সরল সুদ (ইহা পরিবর্তনযোগ্য) ;
- (খ) সুদ চার্জ ও সুদ হিসাবায়নের ক্ষেত্রে এ বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নম্বর- ০৩/২০১৮ এর নিয়মাবলি অনুসরণ করতে হবে।

১১. ঋণ মঞ্জুরির ক্ষমতা : বোর্ড কর্তৃক অনুমোদিত নিজস্ব ঋণ কর্মসূচীর ব্যবসায়িক ক্ষমতা অনুযায়ী।

চলমান পাতা-০২

১২. ঋণ বিতরণ পদ্ধতি : মঞ্জুরিকৃত ঋণ A/C Payee/Order চেকের মাধ্যমে বিতরণ করতে হবে।

১৩. ঋণ পরিশোধ পদ্ধতি : প্রকল্প/প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্য ও বাজারজাতকরণ ইত্যাদি বিবেচনা করে ঋণ পরিশোধ-সূচী মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক নির্ধারণ করতে হবে।

১৪. ঋণ কর্মসূচীর অধিক্ষেত্র : শাখার আওতাধীন এলাকা।

১৫. জামানতবিহীন ঋণসীমা : সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত।

শর্তাবলি নিম্নরূপ :

(ক) প্রকল্পের ধরণ, প্রশিক্ষণের মেয়াদ, প্রকল্প পরিচালনার সামর্থ্য , কাজের অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনা করে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান ;

(খ) ঋণের নির্ধারিত মেয়াদের অর্ধেক সময় অতিক্রান্ত না হলে পরবর্তীতে ঋণ প্রদানের বিষয়টি বিবেচনাযোগ্য হবে না এবং

(গ) গ্যারান্টারের যোগ্যতা : ঋণ পরিশোধে সক্ষম ব্যক্তি ঋণের গ্যারান্টর হতে পারবেন। সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসেবে হাল খাজনার দাখিলাসহ জমির দলিলপত্রের (এস.এ খতিয়ান/আর.এস খতিয়ান/বি.এস খতিয়ান/সিটি জরিপ এবং প্রযোজ্য ক্ষেত্রে মিউটেশনের কপিসহ) সত্যায়িত ফটোকপি/TIN সার্টিফিকেট/চাকুরীজীবী গ্যারান্টরের প্রত্যয়নপত্র/ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দাখিল করতে হবে।

১৬. ঋণের চার্জ ডকুমেন্ট : ৫,০০,০০০/- টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণের ক্ষেত্রে :

(ক) ঋণগ্রহীতা ও গ্যারান্টার কর্তৃক স্বাক্ষরিত ডিপি নোট/ডবল পাটি ডিপি নোট ;

(খ) প্রকল্প/প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশন রাখার জন্য ঋণগ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড;

(গ) ঋণগ্রহীতার সম্পত্তির মূল দলিল/দলিলপত্র জমা রাখার জন্য ঋণগ্রহীতার স্বাক্ষরিত স্মারকলিপি (প্রযোজ্য ক্ষেত্রে)

অথবা

তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি/গ্যারান্টারের সম্পত্তির মূল দলিল/দলিলপত্র জমা রাখার জন্য তাঁর স্বাক্ষরিত স্মারকলিপি।

১৭. স্ট্যাম্পের মূল্যমান : প্রচলিত স্ট্যাম্প এ্যাক্ট অনুযায়ী।

১৮. ঋণ আদায় পদ্ধতি : মাঠে আদায়ের ক্ষেত্রে ঋণ আদায় রশিদের মাধ্যমে এবং অফিসে আদায়ের ক্ষেত্রে ডেবিট; নগদ ভাউচারের মাধ্যমে ঋণ আদায় করতে হবে। ঋণ আদায় রশিদ বহির ক্ষেত্রে প্রথম কপি এবং ডেবিট; নগদ ভাউচারের ক্ষেত্রে দ্বিতীয় কপি ঋণ পরিশোধকারীকে প্রদান করতে হবে। ঋণ আদায় রশিদ বহির ক্ষেত্রে দ্বিতীয় ও তৃতীয় কপিতে এবং ডেবিট; নগদ ভাউচারের ক্ষেত্রে প্রথম ও তৃতীয় কপিতে ঋণ পরিশোধকারীর স্বাক্ষর গ্রহণ করতে হবে।

১৯. সেইফ ফাইল সংরক্ষণ : প্রতিটি ঋণ কেইসের জন্য সেইফ ফাইল সূচী তৈরী করে আলাদা আলাদা সেইফ ফাইল সংরক্ষণ করতে হবে। সেইফ ফাইলে ঋণ সংক্রান্ত যাবতীয় দলিলপত্র/কাগজপত্রাদি সংরক্ষণ করতে হবে। সেইফ ফাইলগুলি ঋণ বিতরণের ক্রমানুযায়ী সেইফ ফাইল ইনডেক্সিং রেজিস্টারে এন্ট্রি দিতে হবে।

২০. কেবিএসডিএস হিসাব খোলা : আলোচ্য কর্মসূচীর প্রত্যেক ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট শাখায় কেবিএসডিএস হিসাব খোলার অনুরোধ করতে হবে।

২১. ঋণগ্রহীতার সঞ্চয়ী আমানত হিসাব : ঋণ বিতরণের সময় বিদ্যমান নিয়মানুযায়ী সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং ঋণের কিস্তির সাথে বাধ্যতামূলক সঞ্চয়ী জমার পরিমাণ সংক্রান্ত এ বিভাগের ০৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরিপত্র নম্বর-০৪/২০১৮ যথাযথভাবে পরিপালন করতে হবে।

২২. মেয়াদোত্তীর্ণ ঋণ : আলোচ্য কর্মসূচীর আওতায় কোনো ঋণ মেয়াদ শেষে অনাদায়ী থাকলে তা মেয়াদোত্তীর্ণ বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী'র খাতে স্থানান্তর করতে হবে।

২৩. ঋণ তদারকী : ঋণ বিতরণের পর থেকেই প্রতিটি প্রকল্পের তদারকী নিশ্চয়তা বিধান করতঃ আদায় ১০০% নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে শাখা ব্যবস্থাপককে অবহিত করতে হবে। শাখা ব্যবস্থাপক ব্যাংকের স্বার্থ রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করবেন।

২৪. হিসাব সংরক্ষণ : আলোচ্য কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণ সমূহ পৃথক লেজারে ঋণ কেস নম্বর-০১ থেকে শুরু হবে। হিসাবের সঠিকতা নিশ্চিত করার জন্য মাসিক ভিত্তিতে বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী'র Balancing পৃথক ভাবে করতে হবে।

২৫. মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমের চাঁদা : মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম সংক্রান্ত ঋণ আদায় বিভাগের ০৪.০১.২০১৮ তারিখের অপারেশন পরিপত্র নম্বর-০১/২০১৮ অনুযায়ী মঞ্জুরিকৃত ঋণের উপর চাঁদা গ্রহণ করতে হবে।

২৬. হিসাবায়ন পদ্ধতি : কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী'র হিসাবায়ন পদ্ধতি (কোড নম্বরসহ) যথাসময়ে পরিপত্রের মাধ্যমে অবহিত করা হবে।

চলমান পাতা-০৩

২৭. উপসংহার : উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো। এ বিষয়ে কোনো প্রকার অস্পষ্টতা দেখা দিলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উপমহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম)-এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
☎: ০২-৯৫৬৩৩১১

সূত্র নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.২২.০০৮.২০. ১০৩১(৩০৭)

তারিখ : ০৬ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। পি ও টু ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (প্রশিক্ষণপ্রাপ্ত উপকারভোগী ও উদ্যোক্তাদের তালিকা কর্মসংস্থান ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় সরবরাহ এবং ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো) :
০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপমহাব্যবস্থাপককে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করার জন্য নির্দেশ দেয়া হলো :
০৫। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
০৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয় ;
০৮। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৯। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
১০। অফিস নথি।

০৬/০১/২০২০

(মোঃ আব্দুল মান্নান)
উপব্যবস্থাপনা পরিচালক
☎: ০২-৯৫৮৮৬৪৮

সংযুক্তি-ক

কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয় : ১, রাজউক এভিনিউ,

ঢাকা-১০০০।

স্বাধীনতার মহান স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ২০.১১.২০১৯ তারিখে অনুষ্ঠিত ২৮১তম সভার অনুমোদনক্রমে ০৬.০১.২০২০ তারিখে **'বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা-২০২০'** প্রণয়ন করা হয়েছে।

ভিশন : যুব ঋণ বিতরণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন

মিশন : দেশের প্রশিক্ষিত বেকার যুবদের ঋণ বিতরণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়নে সম্পৃক্ত করে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন।

উদ্দেশ্য :

(১) বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে জেলা ভিত্তিক ডাটাবেজ তৈরিকরণ ;
(২) উদ্যোক্তাদের মাঝে সচেতনতা সৃষ্টি ও প্রশিক্ষণ প্রদান ;
(৩) ঋণ প্রদানে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান ;
(৪) প্রচার/প্রচারণা চালানো এবং উদ্বুদ্ধকরণ ;
(৫) ঋণের জন্য তহবিল ব্যবস্থাপনা ;
(৬) নীতিমালা প্রণয়ন ;
(৭) নির্বাচিতগণের মাঝে ঋণ বিতরণ ও আদায় মনিটরিং ;
(৮) উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সহায়তা প্রদান ;
(৯) অনগ্রসর ও প্রাকৃতিক দুর্যোগ কবলিত জনগোষ্ঠিকে আর্থিক অন্তর্ভুক্তিকরণ।

বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী বাস্তবায়ন পরিকল্পনা

বিষয়	কার্যক্রম	সময়সীমা	বাস্তবায়নকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১) বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে জেলা ভিত্তিক ডাটাবেজ তৈরিকরণ	১.১ জেলাভিত্তিক প্রশিক্ষিত যুবদের তথ্য সংগ্রহ		
	(ক) জেলা শাখা হতে তথ্য প্রেরণ	৩০ জানুয়ারি ২০২০	শাখা ব্যবস্থাপক
	(খ) একীভূতকরণ	১০ ফেব্রুয়ারি ২০২০	উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ
	১.২ প্রশিক্ষণের ট্রেড/খাতভিত্তিক শ্রেণীকরণ		
	(ক) জেলা শাখা হতে তথ্য প্রেরণ	৩০ জানুয়ারি ২০২০	শাখা ব্যবস্থাপক
	(খ) একীভূতকরণ	১০ ফেব্রুয়ারি ২০২০	উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ
	১.৩ প্রকল্পের প্রয়োজনীয়তার নিরিখে ঋণের পরিমাণ নির্ধারণ	০১.০১.২০২০ হতে ২০.০৬.২০২১	শাখা ব্যবস্থাপক
	১.৪ কর্মসূচীর আওতায় ঋণ খাত সমূহ চিহ্নিতকরণ (পরিশিষ্ট-১)	২৮ ফেব্রুয়ারি ২০২০	কর্মসংস্থান ব্যাংক
(২) উদ্যোক্তাদের মাঝে সচেতনতা সৃষ্টি ও প্রশিক্ষণ প্রদান	২.১ মাঠপর্যায়সহ বিভিন্ন পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	৩০ জুন ২০২০	কর্মসংস্থান ব্যাংক প্রশিক্ষণ ইনষ্টিটিউট
	২.২ উদ্যোক্তাদের মাঝে ঋণ গ্রহণ ও বিতরণ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য সমাবেশ আয়োজন	২০২০ ও ২০২১ সাল	উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
	২.৩ কর্মসংস্থান ব্যাংক কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তর, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, বাংলাদেশ ইনভেস্টমেন্ট অথরিটি এবং সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন হতে প্রশিক্ষণ গ্রহণকারীদের তালিকা কর্মসংস্থান ব্যাংকের নিকটবর্তী শাখায় সরবরাহ করার নির্দেশনা প্রদানপূর্বক পত্র ইস্যুকরণ	২৮ জানুয়ারি ২০২০	১। যুব উন্নয়ন অধিদপ্তর ; ২। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ; ৩। বাংলাদেশ ইনভেস্টমেন্ট অথরিটি ; ৪। সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন।

বিষয়	কার্যক্রম	সময়সীমা	বাস্তবায়নকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(৩) ঋণ প্রদানে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান	ঋণ প্রদানে নারী উদ্যোক্তাদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে	২০২০ ও ২০২১ সাল	উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
(৪) প্রচার/প্রচারণা এবং উদ্বুদ্ধকরণ	৪.১ বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী সফল বাস্তবায়নে সহযোগিতার জন্য চেয়ারম্যান, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক-এর স্বাক্ষরে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর ডিও লেটার প্রেরণ	১২ ফেব্রুয়ারি ২০২০	উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ
	৪.২ বিভাগীয় ও জেলা পর্যায়ে কর্মশালার আয়োজন	২৩ জানুয়ারি ২০২০ থেকে বছরব্যাপী	উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
	৪.৩ বিভিন্ন জেলা/উপজেলার কৃষি ঋণ কমিটির মিটিংয়ে এবং বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধনী/ সমাপনী সেশনে এতদবিষয়ে আলোচনা	৩০ জুন ২০২০	আঞ্চলিক ব্যবস্থাপক শাখা ব্যবস্থাপক
	৪.৪ বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী সংক্রান্ত প্রত্যেক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার যোগাযোগ নম্বর ও শ্লোগান সম্বলিত ব্যানার-ফেস্টুন দৃষ্টিগোচর স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ	২৭ ফেব্রুয়ারি ২০২০	শাখা ব্যবস্থাপক
	৪.৫ ব্যাংকের ওয়েবসাইটে, ডিজিটাল ডিসপ্লে, ইউটিউব, ফেইসবুক, ব্যানার, ফেস্টুন ও পত্র পত্রিকায় প্রচার, প্রয়োজনীয়তার নিরীখে তহবিল সংগ্রহ	২৭ ফেব্রুয়ারি ২০২০	সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ সহযোগিতায় ঋণ ও অগ্রিম বিভাগ এবং শাখা নিয়ন্ত্রণ বিভাগ
	৪.৬ আনুষ্ঠানিক উদ্বোধন	১৭ মার্চ ২০২০	কর্মসংস্থান ব্যাংক
(৫) ঋণের জন্য তহবিল ব্যবস্থাপনা	৫.১ কর্মসংস্থান ব্যাংকের অবশিষ্ট পরিশোধিত মূলধন বাবদ সরকার কর্তৃক পরিশোধযোগ্য ১৩৫ কোটি টাকা ছাড়করণের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ	৩০ জানুয়ারি ২০২০ হতে ৩০ মার্চ ২০২০	কর্মসংস্থান ব্যাংক
	৫.২ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ও অন্যান্য তফসিলি ব্যাংক কর্তৃক অবশিষ্ট পরিশোধযোগ্য মূলধন বাবদ ১১৫.৫০ কোটি টাকা সংগ্রহকরণ	৩০ মার্চ ২০২০	কর্মসংস্থান ব্যাংক
	৫.৩ বিভিন্ন প্রতিষ্ঠান হতে ১০০ কোটি টাকা আমানত সংগ্রহ ও ঋণ গ্রহণ	২০২০ ও ২০২১ সাল	কর্মসংস্থান ব্যাংক
	৫.৪ বাংলাদেশ ব্যাংক হতে ৩০০ কোটি টাকা ঋণ গ্রহণ	৩০ মার্চ ২০২০	কর্মসংস্থান ব্যাংক
	৫.৫ প্রয়োজনীয়তার নিরীখে তহবিল সংগ্রহ	জুলাই ২০২০	কর্মসংস্থান ব্যাংক
	৫.৬ নিজস্ব তহবিল হতে ৩৪৯.৫০ কোটি টাকা সংগ্রহ করা	২০২০ ও ২০২১ সাল	কর্মসংস্থান ব্যাংক
(৬) নীতিমালা প্রণয়ন করা	৬.১ "বঙ্গবন্ধু যুব ঋণ" বিতরণ সংক্রান্ত নীতিমালা চূড়ান্তকরণ	০৬ জানুয়ারি ২০২০	উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ
	৬.২ সুপারিশ মোতাবেক "বঙ্গবন্ধু যুব ঋণ" নীতিমালা সংশোধন	২৭ ফেব্রুয়ারি ২০২০	উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ

চলমান পাতা-০৩

বিষয়	কার্যক্রম	সময়সীমা	বাস্তবায়নকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
	৬.৩ ঋণ বিতরণ শুরু করা	জানুয়ারি ২০২০	উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ
(৭) ঋণ বিতরণ ও আদায় মনিটরিং	৭.১ ঋণ বিতরণ এবং ঋণ আদায় মনিটরিং	২০২০ ও ২০২১ সাল	(ক) আঞ্চলিক কার্যালয় (খ) বিভাগীয় কার্যালয় (গ) প্রধান কার্যালয়
(৮) উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সহায়তা প্রদান	৮.১ ঋণগ্রহীতাদের জরুরী প্রয়োজনে স্বাস্থ্য সেবা প্রাপ্তির জন্য সহযোগিতা প্রদান	জানুয়ারি ২০২০ জুন ২০২০	সকল কার্যালয় কর্মসংস্থান ব্যাংক
	৮.২ যুব উন্নয়ন অধিদপ্তর, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, বাংলাদেশ ইনভেস্টমেন্ট অথরিটি এবং সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের কর্মসংস্থান ব্যাংকের নীতিমালা অনুযায়ী যোগ্য উদ্যোক্তাদের ঋণ প্রদান	২০২০ ও ২০২১ সাল	উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ ও শাখা ব্যবস্থাপক
	৮.৩ নবীন যোগ্য উদ্যোক্তা এবং তহবিল প্রাপ্তির জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, বিডা এবং পিকেএসএফ এর সাথে যোগাযোগ বৃদ্ধিকরণ	৩০ জুন ২০২০	উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ
(৯) অনগ্রসর ও প্রাকৃতিক দুর্যোগ কবলিত জনগোষ্ঠিকে আর্থিক অন্তর্ভুক্তিকরণ	৯.১ ডাটাবেজ তৈরী	৩০ জুন ২০২০	উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ
	৯.২ ঋণ সুবিধার আওতায় আনয়ন	২০২০ ও ২০২১ সাল	শাখা ব্যবস্থাপক
	৯.৩ ঋণ সুবিধা প্রদান ৯.৪ নিবিড় তদারকির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নে পরামর্শ প্রদান	২০২০ ও ২০২১ সাল	শাখা ব্যবস্থাপক
(১০) কর্মসূচীর মূল্যায়ন	১০.১ ঋণ বিতরণ সংক্রান্ত রিপোর্টিং	২০২০ ও ২০২১ সাল	ঋণ ও অগ্রিম বিভাগ
	১০.২ ঋণ আদায় সংক্রান্ত রিপোর্টিং	২০২০ ও ২০২১ সাল	ঋণ আদায় বিভাগ
	১০.৩ শেয়ারিং অব সাকসেস স্টোরি	৩১.১২.২০২০	জনসংযোগ উপবিভাগ

০১/০২/২০২০
(মোঃ আব্দুল মান্নান)
উপব্যবস্থাপনা পরিচালক

০১/০২/২০২০
(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক

পরিশিষ্ট-০১

কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

ঋণ ও অগ্রিম বিভাগ

E-mail : lad@kb.gov.bd

১) মৎস্য চাষ : (i) কার্প জাতীয় (কাতলা, রুই, মৃগেল ইত্যাদি), মনোসেক্স তেলাপিয়া, ভেটকি,চিতল, কৈ, থাই কৈ, শোল,গজার, পুটি অন্যান্য ;

(ii) ক্যাট ফিস-পাঙ্গাস, বোয়াল, পাবদা, টেংরা, সিং, মাগুর, চিংড়ি, মিশ্র মৎস্য চাষ ইত্যাদি ও রেণু পোনা উৎপাদন (অন্যান্য)।

২) প্রাণিসম্পদ :

(i) পোল্ট্রি ফার্ম : মুরগী (লেয়ার, ব্রয়লার, কক) খামার, কোয়েল খামার, টারকি খামার, হাঁস খামার, রাজহাঁস খামার, ময়ূর খামার, কবুতর খামার, তিতির খামার ইত্যাদি ;

(ii) গবাদিপশু মোটাতাজাকরণ : গরু মোটাতাজাকরণ, ছাগল মোটাতাজাকরণ, ভেড়া/মেষ মোটাতাজাকরণ, মহিষ মোটাতাজাকরণ ইত্যাদি ;

(iii) দুগ্ধ খামার : দুগ্ধ খামার (ছাগল, ভেড়া/মেষ, মহিষ, উট ইত্যাদি।

৩) শিল্প-কারখানা : মৎস্য হ্যাচারী, পোল্ট্রি হ্যাচারী, কৃষি যন্ত্রপাতি তৈরির কারখানা, প্রাণি খাদ্য তৈরির কারখানা, মৎস্য খাদ্য তৈরির কারখানা, চিড়া/মুড়ি কল/শিল্প, রাইস মিল/চাল কল, বেকারী শিল্প, অয়েল মিল/তেল কল, স'মিল, ফলজাত খাদ্য শিল্প (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস), সুষম সার প্রস্তুতকারী শিল্প, আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ, ডিজাইন ও ফ্যাশন ওয়্যার, স্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ উৎপাদনকারী শিল্প, আইসক্রিম ফ্যাক্টরী, গুঁড়া মসলা উৎপাদনকারী শিল্প, সুগন্ধি চাল উৎপাদন, ডাল প্রক্রিয়াজাতকরণ, নারিকেল তেল উৎপাদন শিল্প, বীজ প্রক্রিয়াজাতকরণ, রাবার প্রক্রিয়াজাতকরণ, চামড়া শিল্প ইত্যাদি।

৪) ক্ষুদ্র ও কুটির শিল্প : মৃৎ শিল্প, কামারের কাজ, ব্লক-বাটিক/প্রিন্টিং, গ্রামীণ স্যানিটারী ল্যাট্রিন তৈরি, তাঁত/বুনন শিল্প, কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি, রেশম বস্ত্র প্রস্তুতকরণ শিল্প, কৃষি যন্ত্রপাতি তৈরি, মোমবাতি/আগরবাতি/গোলাপজল/দাঁতের মাজন/কয়েল তৈরি, বাঁশ ও বেত শিল্প, যন্ত্রাংশ তৈরির কারখানা, ক্ষুদ্র প্রিন্টিং এবং সাইনবোর্ড তৈরি, চামড়াজাত শিল্প, শুটকি মাছ প্রক্রিয়াকরণ, বরফ কল, নকশী কাঁথা তৈরী ইত্যাদি।

৫) নার্সারী:

(৬)

(০১) অটোমোটিভ রিপেয়ারিং এন্ড মেইনটেন্যান্স ;

(০২) এয়ার কন্ডিশন ও রেফ্রিজারেশন ;

(০৩) অটো ইলেকট্রিক ও এয়ারকনডিশন ;

(০৪) ডিজেল ইঞ্জিন মেইনটেন্যান্স ;

(০৫) ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন ;

(০৬) প্ল্যাম্বিং এন্ড পাইপ ফিটিং ;

(০৭) কম্পিউটার অপারেশন ;

(০৮) কার্পেন্ট্রি ও ইন্টেরিওর ডেকোরেশন ;

(০৯) হাউজ ওয়ারিং ;

(১০) জেনারেল মেকানিক্স ;

(১১) মেশিনিষ্ট ;

(১২) রেডিও/টিভি মেরামত;

(১৩) টেইলারিং ;

(১৪) উল নিটিং ;

(১৫) মটর ওয়াইনডিং ;

(১৬) সফটওয়্যার নির্মাণ;

(১৭) হালকা ইঞ্জিনিয়ারিং এর মেটাল ওয়ার্কস;

(১৮) এগ্রো প্রসেসিং/এগ্রি বিজিনেস/প্লান্টেশন এগ্রিকালচার/টিস্যু কালচার;

(৭) দেশের আর্থসামাজিক উন্নয়নে সম্পৃক্ত অন্যান্য যে কোনো খাত।

মোঃ রাসেদুল আহসান
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
ঋণ ও অগ্রিম বিভাগ
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ মশিউর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
ঋণ ও অগ্রিম বিভাগ
কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।